বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নক্সা ও গবেষণা)
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৫

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**দপ্তরাদেশ**

**"মেঘনা নদীর ভাঙ্গন হতে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় নলের চরে নির্মিত অবকাঠামোসমূহ রক্ষার্থে প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন"** শীর্ষক প্রকল্প এলাকায় উজান ও ভাটিতে তীব্র নদী ভাঙ্গন বিবেচনায় চলমান প্রকল্পের অতিরিক্ত দৈর্ঘ্যে কাজ বাস্তবায়নেরলক্ষ্যে স্মারক নং: ৪২.০০.০০০০.০০০.০৩৪.১৪.০০২৩.২৩.১৩৯; তারিখ: ১৩-০৫-২০২৫খ্রি. মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয়ে গত ১৫-০৫-২০২৫ খ্রি. অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নেবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে নিম্নবর্ণিত একটি কারিগরি কমিটি গঠন করা হলো।

| ক্রঃ নং | কর্মকর্তাগণের নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | জনাব আবদুল্লাহ মোহাম্মদ মোস্তফা সরোয়ার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব উম্মে সালমা, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৪। | আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি। | সদস্য |
| ৫। | জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নোয়াখালী। | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি (Terms of Reference, ToR):**

ক) কমিটির সদস্যগণ প্রস্তাবিত প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন পূর্বক, **প্রকল্প এলাকায় উজান ও ভাটিতে তীব্র নদী ভাঙ্গন বিবেচনায় প্রকল্পের অতিরিক্ত দৈর্ঘ্যে কাজ বাস্তবায়নের** লক্ষ্যে সংশ্লিষ্ট অংশীজন/স্টেকহোল্ডার, স্থানীয় জনগণ, ছাত্রপ্রতিনিধি ও জনপ্রতিনিধি, কৃষি অধিদপ্তর, পরিবেশ ও বন অধিদপ্তর, মৎস অধিদপ্তর, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিটি কর্পোরেশন (প্রযোজ্য ক্ষেত্রে), জেলা প্রশাসনসহ অন্যান্য সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী/এনজিও কর্মকর্তাগণের সাথে ফলপ্রসূ আলোচনা করবেন। উক্ত আলোচনার মাধ্যমে গৃহীত মতামতের আলোকে প্রস্তাবিত প্রকল্প/কার্যক্রমের যথার্থতা নিরুপন তথা উদ্যোগ গ্রহণ করবেন।

খ) "মেঘনা নদীর ভাঙ্গন হতে নোয়াখালী জেলার হাতিয়া উপজেলায় নলের চরে নির্মিত অবকাঠামোসমূহ রক্ষার্থে প্রতিরক্ষামূলক কাজ বাস্তবায়ন" শীর্ষক **প্রকল্প এলাকায় নদীর বর্তমান মরফোলজিক্যাল পরিস্থিতিতে আর্থিক দিক বিবেচনা করে চলমান প্রকল্প এলাকায় উজান ও ভাটিতে তীব্র নদী ভাঙ্গন বিবেচনায়প্রকল্পের অতিরিক্ত দৈর্ঘ্যে কাজ বাস্তবায়নের লক্ষ্যে** পরিবেশ/বন/ভূমি বিষয়ক বিভিন্ন বিধিমালা অনুসরণ এবং পাসম/বাপাউবো হতে অবকাঠামো, বৃক্ষরোপন ও ড্রেজড ম্যাটেরিয়াল/খননকৃত মাটি ব্যবস্থাপনা বিষয়ক জারিকৃত বিভিন্ন আদেশ/নির্দেশনা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্যক্রম সুপারিশসহ অন্তর্ভুক্তিমূলক/Inclussive মতামত উপস্থাপন করবেন।

গ) চলমান প্রকল্পটি টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা ও চলমান প্রকল্পে নদীতে গঠিত নতুন বা পুরাতন চরসমূহের স্থায়ীত্ব বিবেচনায় তীর ভাঙণ/অন্যান্য মরফোলজিক্যাল প্রভাব রয়েছে কিনা এবং প্রকল্পের অতিরিক্ত দৈর্ঘ্যে কাজ বাস্তবায়নের লক্ষ্যে জলবায়ু পরিবর্তনজনিত প্রভাব রয়েছে কিনা তা বিবেচনা পূর্বক প্রয়োজনীয় কার্য সম্পাদনা এবং তা টেকসই ও দীর্ঘমেয়াদী ফলপ্রসূ হবে কিনা, সে বিষয়ে কারিগরি তথ্য-উপাত্ত বিশ্লেষনে সুচিন্তিত ও সুস্পষ্ট মতামত প্রদান করবেন।

ঘ) গতানুগতিক ধারার পাশাপাশি প্রকৃতি-ভিত্তিক সমাধান/ব্যবস্থা (Nature based Solution) কে অগ্রাধিকার দিয়ে প্রস্তাবিত প্রকল্পটির টেকসই ব্যবস্থাপনা, নদীর স্বাভাবিক প্রবাহ পুনরুদ্ধার এবং প্রযোজ্য ক্ষেত্রে দূষণমুক্ত করার বিষয়ে প্রয়োজনীয় মতামত/সুপারিশ প্রদান করবেন।

ঙ) জিআইএস/গুগল-আর্থ/গুগল-আর্থ-ইঞ্জিন বা সমজাতীয় অ্যাপলিকেশন ব্যবহার করে A3 সাইজের কাগজে মুদ্রিত প্রকল্প এলাকার নদী/খাল সমন্বিত কি কি স্থানে কি ধরনের কাজ করা হবে তা প্রদর্শন করিয়ে রঙিন সূচক/ইনডেক্স এবং সাইট প্লান ম্যাপ/মানচিত্র সংযোজন করতে হবে।

প্রয়োজনে বিগত বছরগুলোর Landsat Satellite এর Multi-band দূর-অনুধাবন ইমেজ ব্যবহার করে নদী/খালসমূহের পরিবর্তনের গতিবিধি পর্যবেক্ষণ এবং উপস্থাপন করা যেতে পারে। এছাড়াও, প্রস্তাবিত প্রকল্প সাইটের Contour এবং Land-used তথ্য-উপাত্ত থাকলে তা উপস্থাপন করবেন।

চ) বাপাউবো'র চলতি অনুমোদিত দর তফসিল ও অনুমোদিত নকশা অনুসারে প্রস্তাবিত ভৌত কাজসমূহের যথার্থতা নিরূপণ করে ব্যয় প্রাক্কলন করবেন এবং ব্যয় প্রাক্কলন ও অনুমোদিত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন।

ছ) বিবিধ।

০২। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবেন এবং প্রস্তাবিত কমিটির কোন কর্মকর্তা বদলী বা অন্যত্র গমণ করলে তার স্থলাভিষিক্ত কর্মকর্তা উক্ত কমিটির সংশ্লিষ্ট পদে প্রতিস্থাপিত হবেন এবং কার্যক্রম পরিচালনা করবেন।


০৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা দপ্তরের স্মারক নং- চীফ প্লানিং/১০৫২ তারিখঃ ২৪/১১/২০১৯ খ্রি. মাধ্যমে জারীকৃত ফরম্যাট অনুযায়ী প্রতিবেদন প্রস্তুত করবেন।

০৪। কমিটি পরবর্তী পরবর্তী ১৫ (পনের) কার্য-দিবসের মধ্যে কারিগরি প্রতিবেদন ০৩(তিন) প্রস্তে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

<u>অনুলিপি আদিষ্টমতে সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

১। জনাব আবদুল্লাহ মোহাম্মদ মোস্তফা সরোয়ার, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নপূর্বক অত্র দপ্তর এবং কমিটির আহবায়কের ইমেইলে মনোনয়ন পত্র প্রেরণের অনুরোধসহ)।
৩। জনাব উম্মে সালমা, নির্বাহী প্রকৌশলী (পুর), ডিজাইন সার্কেল-৪, বাপাউবো, ঢাকা।
৪। জনাব অলি আফাজ চৌধুরী, নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পরিকল্পনা) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। জনাব মোঃ হালিম সালেহী, নির্বাহী প্রকৌশলী, নোয়াখালী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, নোয়াখালী। ইমেইল: ee.noakhali@gmail.com



১৮-০৫-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব )
০২২২২২৩০০৪১
adg.planning@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০০০.০৩২.০৬.০০০৪.২৫.৫/১ (১১)

তারিখ: ৪ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ / ১৮ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর (বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৬। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিব মহোদয়ের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

৮। নির্বাহী প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনা এর দপ্তর ও ফোকাল কর্মকর্তা, কারিগরি কমিটি, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পূর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১১। দপ্তর কপি, ।

১৮-০৫-২০২৫
সজল কুমার রায়
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

ডায়েরী নং ৬৪৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২০/৫/২৫
■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন

২০/০৫/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।